

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা
ই-মেইল : khulnavathq@gmail.com

নথি নং-৫/২০(৫৯)এলসি-সিএ/ভোমরা/৯৬(অংশ-১)/

তারিখ :- ১২/২০২১ খ্রিঃ।

আদেশ

শুক স্টেশন, ভোমরা, সাতক্ষীরার সিএন্ডএফ এজেন্ট মেসার্স আল্লার দান, লাইসেন্স নং-০৩/এলসি-সিএ/৯৭, তাং-২১/১০/১৯৯৭ এ দপ্তর হতে লাইসেন্স গ্রহণ করেন। তৎকালীন সময়ে লাইসেন্স গ্রহণের জন্য মঃ রফিউদ্দিন বিশ্বাস আবেদন করলে লাইসেন্স প্রদানের জন্য কার্যক্রম শুরু হয়। এর ধারাবাহিকতা মঃ রফিউদ্দিন বিশ্বাসকে এ দপ্তরের আওতাধীন শুক স্টেশন, ভোমরার জন্য অফার লেটার প্রদান করা হয়। উক্ত অফার লেটারের প্রেক্ষিতে মঃ রফিউদ্দিন বিশ্বাস চাহিত দলিলাদি দাখিল করেন। এর প্রেক্ষিতে শুক স্টেশন, ভোমরা, সাতক্ষীরার সিএন্ডএফ এজেন্ট মেসার্স আল্লার দান, লাইসেন্স নং-০৩/এলসি-সিএ/৯৭, তাং-২১/১০/১৯৯৭ ইস্যু করা হয়। তবে লাইসেন্সের স্বত্ত্বাধিকারী হিসেবে মঃ রফিউদ্দিন বিশ্বাস এর পরিবর্তে এইচ, এম আরাফাত নামটি উল্লেখ করা হয়। মঃ রফিউদ্দিন বিশ্বাস এর মৃত্যুর পরে তার স্ত্রী আবেদনকারী লাইসেন্সের মালিকানা দাবী করে আবেদন করেন এবং এই লাইসেন্সটি অবৈধভাবে ব্যবহার হচ্ছে বলে লিখিতভাবে জানিয়েছেন।

০২। মঃ রফিউদ্দিন বিশ্বাস এর পরিবর্তে স্বত্ত্বাধিকারী হিসেবে এইচ, এম আরাফাত নামে বুকলেট ইস্যু হওয়ায় মূল লাইসেন্সি হিসেবে মঃ রফিউদ্দিন বিশ্বাস লাইসেন্সের মালিকানা হতে বঞ্চিত হয়েছেন যা কাস্টমস এজেন্ট ও লাইসেন্সিং বিধিমালা অনুযায়ী গ্রহণযোগ্য নয়। এছাড়া মঃ রফিউদ্দিন বিশ্বাস এর মৃত্যুর পর তার স্ত্রী মালিকানা দাবী করলে বিষয়টি বর্তমান লাইসেন্সিং কর্তৃপক্ষের নজরে আসে। এর প্রেক্ষিতে উদ্ধৃত পরিস্থিতি সৃষ্টি হয়। এই উদ্ধৃত পরিস্থিতিতে রাজস্ব ঝুঁকি এড়াতে এবং পরিস্থিতির সঠিক সমাধানের লক্ষ্যে লাইসেন্সের কার্যক্রম সাময়িকভাবে স্থগিত রাখা প্রয়োজন বিধায় কাস্টমস এজেন্ট ও লাইসেন্সিং বিধিমালা-২০২০ এর বিধি-২২ এর আলোকে মেসার্স আল্লার দান, লাইসেন্স নং-০৩/এলসি-সিএ/৯৭, তাং-২১/১০/১৯৯৭ এর কার্যকারিতা সাময়িক স্থগিত করা হলো। লাইসেন্সের অনুকূলে ইস্যুকৃত লাইসেন্স, কাস্টমস সরকার পারমিট এ পত্র জারীর ০৭(সাত) কার্যদিবসের মধ্যে এ দপ্তরের লাইসেন্স শাখায় জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া হলো।

স্বাক্ষর-

(মোঃ তাসনিমুর রহমান)
অতিরিক্ত কমিশনার

ও

সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষ

প্রাপক : মেসার্স এইচ.এম আরাফাত
মেসার্স আল্লারদান, সিএন্ডএফ এজেন্ট
শুক স্টেশন, ভোমরা, সাতক্ষীরা।

নথি নং-৫/২০(৫৯)এলসি-সিএ/ভোমরা/৯৬(অংশ-১)/ ৬৬৫৫/১ - ৬)

তারিখ :- ১২/২০২১ খ্রিঃ।

জনুলিপি সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা।
- ২। সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষ, কাস্টম হাউস, মোংলা/বেনাপোল/চট্টগ্রাম/ঢাকা/পানপাও/আইসিটি, ঢাকা।
- ৩। সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষ, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা(উত্তর)/দক্ষিণ/পূর্ব/পশ্চিম/সিলেট/যশোর/ চট্টগ্রাম/রংপুর / কুমিল্লা।
- ৫। সহকারী কমিশনার, শুক স্টেশন, ভোমরা, সাতক্ষীরা(উক্ত প্রতিষ্ঠানের নিকট হতে কোন প্রকার দলিলাদি বা আমদানি ও রপ্তানি কার্যক্রম সংক্রান্ত দলিলাদি গ্রহণ না করার জন্য নির্দেশ দেয়া হলো)।
- ৬। এ্যাসিসেন্ট প্রোগ্রামার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা।
- ৭। সভাপতি/সাধারণ সম্পাদক, ভোমরা সিএন্ডএফ এজেন্ট, ভোমরা, সাতক্ষীরা।
- ৮। মোছাঃ রিজিয়া খাতুন, স্বামী-মৃতঃ রহিম বিশ্বাস, গ্রাম-কন্যাদাহ, কলারোয়া, সাতক্ষীরা।



(রবীন্দ্র কুমার সিংহ)
ভেপুটি কমিশনার